



তথ্যবিবরণী

নম্বর-০৩২

দুর্ভুক্তদের কোনো ধর্ম নেই

- ধর্ম বিষয়ক উপদেষ্টা

রাজশাহী; ২৩ ভাদ্র (০৭ সেপ্টেম্বর):

অন্তর্বর্তীকালীন সরকারের ধর্ম বিষয়ক উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেছেন, আবহমান কাল ধরে এদেশে সব ধর্মের মানুষ সম্প্রীতির সাথে বসবাস করে এসেছে। দুই একটা বিচ্ছিন্ন ঘটনা দুর্ভুক্তরা ঘটিয়েছে তবে সেটা কখনোই সাম্প্রদায়িক পর্যায়ে যায়নি। মনে রাখবেন, দুর্ভুক্তদের কোনো ধর্ম নেই।

আজ শনিবার (০৭ সেপ্টেম্বর) সন্ধ্যায় তিনদিনের রাজশাহী সফরকালে রাজশাহী সার্কিট হাউজের মিলনায়তনে বিভিন্ন বিভাগীয় পর্যায়ের দপ্তর প্রধান ও কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

ধর্ম উপদেষ্টা বলেন, আসন্ন দুর্গা পূজোকে সামনে রেখে দুর্ভুক্তরা উদ্দেশ্য প্রণোদিতভাবে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার জন্য চেষ্টা চালাতে পারে। আমাদেরকে সম্মিলিতভাবে তা প্রতিহত করতে হবে। পূজো মন্ডপকে আরও নিরাপদ করা যায় কী না তার জন্য পুলিশ ও প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন তিনি। এর প্রেক্ষিতে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ ও প্রশাসনের পক্ষ হতে জানানো হয় যে, আসন্ন দুর্গাপূজো উপলক্ষ্যে নিশ্চিদ নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে।

ধর্মীয় উপাসনালয়ে আক্রমণ বিষয়ে খালিদ হোসেন বলেন, বিক্ষিপ্ত কিছু ঘটনা ঘটেতে পারে, রাতের আঁধারে কেউ উপাসনালয় অপবিত্র করতে পারে। এর অর্থ এই নয় যে, এ দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি নেই। অতিমাত্রায় দলবাজী করে কেউ যদি উদ্দেশ্য প্রণোদিতভাবে হামলা করে তবে তা তো সাম্প্রদায়িক ব্যাপার নয়। এটি তো রাজনৈতিকভাবে উদ্দেশ্য প্রণোদিত। বৈশ্বিক মিডিয়াকে এই বিষয়টিকে নিরপেক্ষভাবে যাচাই করতে হবে। এসময় তিনি সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

তিনি আরও বলেন, স্থানীয় মানুষদের ঐক্যবদ্ধভাবে সহযোগীতা প্রয়োজন। মাদ্রাসার ছাত্রদের স্বেচ্ছাসেবক হিসেবে পাহাড়ায় নিয়োজিত করা যায় কী না এ বিষয়েও আলোচনা করার অভিপ্রায় ব্যক্ত করেন উপদেষ্টা।

মডেল মসজিদগুলোতে বিদ্যমান নানাবিধ সমস্যার বিষয়ে উল্লেখ করে খালিদ হোসেন বলেন, স্থান নির্বাচনের ক্ষেত্রে যথাযথভাবে সব বিষয় বিবেচনা করা হয়নি। অনেক জায়গা পুরাতন ঐতিহ্যবাহী মসজিদের পাশেই মডেল মসজিদ নির্মাণ হয়েছে। পাশাপাশি দুইটি মসজিদ নির্মাণের ফলে জনগণের কষ্টার্জিত টাকার অবমূল্যায়ন হচ্ছে বলে মতামত ব্যক্ত করেন তিনি।

এলাকার ঐতিহ্যবাহী মসজিদ ছেড়ে মডেল মসজিদে নামাজ পড়ার ব্যাপারে জনগণের অগ্রহ নিয়ে প্রশ্ন করেন তিনি। এসব মসজিদের বকেয়া বিদ্যুৎ বিলের সমস্যার ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে সমাধানের পথ দেখিয়ে দেন।

রাজশাহী জেলা প্রশাসক শামীম আহমেদের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-পুলিশ কমিশনার (শাহমখদুম থানা) মোঃ নূর আলম সিদ্দিকী, অতিরিক্ত পুলিশ সুপার আবু সালেহ মোঃ আশরাফুল আলম (প্রশাসন), বিভিন্ন বিভাগীয় পর্যায়ের দপ্তর প্রধান ও কর্মকর্তাগণ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সদস্যবৃন্দ।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রাফিদ/২০২৪/২২.০০ ঘ.

